R. N. No. 2532/57

শ্রীসত্যনারায়ণ ভকত
'উষা হোটেল'
পোঃ সাগরদীঘি, ( লোকাল )

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

'ছাউনির ক্ষেত্রে
অপূর্ব অবদান'
স্থায়িত্ব, নির্ভরতা, টেকসই ও মজবুতের জন্য একমাত্র এভারেষ্ট এ্যাসবেসটস শীট ব্যবহার করুন।
মহকুমার একমাত্র ডিলার :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

৬৩শ বর্ষ
২৭শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৮ই অগ্রহায়ণ, বুধবার, ১৩৮৩ সাল।
২৪শে নভেম্বর, ১৯৭৬ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## ভাগীরথী দুগ্ধ উৎপাদক কেন্দ্রের পৃষ্ঠপোষকতায় মনিগ্রামে নতুন সম্ভাবনার দুয়ার খুলে গিয়েছে

সাগরদীঘি থানার মনিগ্রামে যে সব স্বল্পবিত্ত মানুষ গরু-বাছুর পুষে কোনও রকমে জীবিকানির্বাহ করতেন "মনিগ্রাম দুগ্ধ উৎপাদক সমবায় সমিতি" তাঁদের কাছে এক নতুন সম্ভাবনার দুয়ার খুলে দিয়েছে। এক বছর আগেও এরা দুধের তেমন ক্রেতা পেতেন না। ক্রেতা পেলেও উপযুক্ত মূল্য পেতেন না। তার ওপর ছিল মহাজনের শোষণ। মহাজনরা আগে ভাগে টাকা দাদন দিয়ে স্বল্পমূল্যে দুধ কিনে নিত। গত বছর ১২ সেপটেমবর কুড়ি জন দুগ্ধ উৎপাদককে নিয়ে গড়ে ওঠে একটি দুগ্ধ উৎপাদক সমবায় সমিতি। প্রথম দিনে সংগ্রহ হয় মাত্র ১৩ লিটার দুধ। এক বছর পরে আজ সমিতির সদস্য সংখ্যা দাঁড়িয়েছে সাতচল্লিশ। দৈনিক দুধ সংগ্রহের পরিমাণও বেড়ে দাঁড়িয়েছে ১৫০ লিটার। প্রতিদিনের দুধের সংগ্রহ পাঠিয়ে দেওয়া হয় বেলডাঙার ভাগীরথী দুগ্ধ উৎপাদক সমবায় সমিতির কাছে। সেখান থেকে ওই দুধ চলে যায় হরিণঘাটার সরকারী দোহশালায়। দুধের উপযুক্ত মূল্য এরা এখন নিয়মিত পেয়ে যান সমবায় সমিতির মাধ্যমে। এছাড়া আরও একটি সুবিধা হয়েছে। অসুখবিসুখ হলে গরু-বাছুরের প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থাও হয়েছে সমবায় সমিতির মাধ্যমে। কলকাতা থেকে খবরটি জানিয়েছেন নিউজ ব্যুরো।

জঙ্গিপুর সংবাদের বিশেষ প্রতিনিধি সাগরদীঘি থানার মনিগ্রাম ও রঘুনাথগঞ্জ থানার মিরজাপুরে দুগ্ধ সমবায়গুলি পরিদর্শন করে এসে জানাচ্ছেন, বেলডাঙা ভাগীরথী দুগ্ধ উৎপাদক সমবায় সমিতির ৭নং রুটে এই সমিতি দুটি পড়েছে। সদস্য ও অসদস্য মিলিয়ে মনিগ্রাম সমিতিতে এখন দুধ বিক্রী করছেন ৯০ জন। ঘি এর পরিমাণের ওপর এখানে দুধের দাম নির্ধারণ করা হয়। সর্বনিম্ন দর ১·৭০ টাকা, সর্বোচ্চ ৩·০০। স্থানীয় চাহিদা মেটানোর পর উদ্বৃত্ত দুধ ভাগীরথী দুগ্ধ উৎপাদক সমিতিকে দেওয়া হয়। এখানে গড়ে দুধ বিক্রীর দর কিলোপ্রতি ২·৫০ টাকা। পরীক্ষক, সম্পাদক ও

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বাগড়ীর টানে রাঢ়ের টান, চালের চালান রোধে 'ভদ্রলোকের চুক্তি'

সাগরদীঘি, ২৩ নভেম্বর—মহকুমা তথা জেলার বাগড়ী এলাকার চালের ঘাটতি পূরণ করতে গিয়ে রাঢ়ের গ্রামে টান পড়েছে। ফলে দাম বেড়ে গিয়েছে ধানের, চালের। নতুন ধান উঠেছে, বাজারে নতুন চালের আমদানী হচ্ছে, কিন্তু দাম কমছে না। বাগড়ীর ফড়েরা আসছে রাঢ়ের গ্রামে ঘোড়া ছুটিয়ে, গরুর গাড়ী হাঁকিয়ে, সাইকেল চালিয়ে। তারা বেশী দাম দিয়ে বাজার চড়িয়ে ধান-চাল কিনে নিয়ে চলে যাচ্ছে বাগড়ীতে। এখানে এখন নতুন চালের দর ২০৫ থেকে ২২০ টাকা কুইন্টাল, ধান আশির ওজনে ৪৫ টাকা মণ। রঘুনাথগঞ্জে চালের দর ২২৫ টাকা কুইন্টাল। সাগরদীঘি এবং রঘুনাথগঞ্জের মিঞাপুর থেকে ট্রাক ট্রাক চাল ২৪ পরগণা জেলার দিকে পাড়ি জমাচ্ছে বলেও খবর পাওয়া যাচ্ছে।

মুর্শিদাবাদ জেলা ছাত্র পরিষদ সভাপতি চিত্ত মুখারজির উদ্ধৃতি দিয়ে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, জেলা শাসকের নিষেধাজ্ঞার উপর চাল ব্যবসায়ীরা হাইকোরট থেকে ইনজাংশন পাওয়ায় আইনতঃ হোলসেলারদের চাল রপ্তানি বন্ধ করা যায় না। তাই রঘুনাথগঞ্জের মিঞাপুরের চাল ব্যবসায়ীদের সঙ্গে ছাত্র পরিষদের তিন দফা 'ভদ্রলোকের চুক্তি' হয়েছে গত ২১ নভেম্বর। এই চুক্তি অনুযায়ী (১) সব থেকে ভালো এবং মিহি চাল কিছুতেই ২·২০ টাকার বেশী হবে না। অন্যান্য চাল ২·০৫ টাকা থেকে ২·১০ টাকা বা

( ৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ফুলতলায় রেষ্ট শেড অবরোধমুক্তির পর সড়ক সম্প্রসারণ

বিশেষ প্রতিনিধি, ২৩ নভেম্বর—বাসযাত্রীদের জন্য রঘুনাথগঞ্জ শহরের ফুলতলা মোড়ে একটি রেষ্ট শেড বা বিশ্রামাগার তৈরীর কাজ এ সপ্তাহেই শুরু হচ্ছে। পূর্ত দপ্তর থেকে গতকাল এ খবর পাওয়া গিয়েছে। অবরোধমুক্তির পর পূর্ত দপ্তরের পক্ষ থেকে রেষ্ট শেড নির্মাণ দ্বিতীয় উন্নয়নমূলক পদক্ষেপ। প্রথম পদক্ষেপটি ছিল

( ৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## জোড়া খুন

অরঙ্গাবাদ, ২০ নভেম্বর—ধানের পাঁজা নিয়ে গণ্ডগোল বাধলে একদল জাগালদার এই থানার লোকাইপুর গ্রামে আরেক দল জাগালদারদের উপর ঝাঁপিয়ে পড়ে গতকাল। ফলে ধারালো অস্ত্রের আঘাতে নিহত হয় গ্রামের নগেন মণ্ডল ও যতীশ মণ্ডল। আরো তিনজন—রূপচাঁদ মণ্ডল, ধীরেন মণ্ডল ও ভিকু সরকারের আঘাত গুরুতর। তাদেরকে আশঙ্কাজনক অবস্থায় জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। খবরটি পুলিশী সূত্রের। গ্রেপ্তারের কোন খবর নাই। প্রকাশ, ইতিপূর্বে এক পক্ষের দু'জন

( ৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## খুদে রত্নাকর

জঙ্গিপুর, ২৩ নভেম্বর—'আমাকে ২০০ টাকা দাও নইলে তোমাকে খুন করব'—৯ বছরের এক শিশুকে এই ধরনের হুমকি দেখিয়ে এই শহরের ১২ বছর বয়সের এক বালক তার অপরাধ জীবনের সূচনা করেছে। তারা দু'জনে একই স্কুলে পড়ে। তবু দিনের পর দিন এইভাবে ভয় দেখানোর ফলে শিশুটি বাবার টাকা চুরি করে বালকটিকে ১৭৫ টাকা দিয়ে দেয়। পরে জানাজানি হলে মারধোরের পর খুদে রত্নাকরের কাছ থেকে মাত্র ৭৫ টাকা উদ্ধার করা সম্ভব হয়। এখন তাকে নন্ ডিলিজেন্ট স্কুলে পাঠাবার ব্যবস্থা চলছে বলে জানা যায়।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৮ই অগ্রহায়ণ বুধবার, সন ১৩৮৩ সাল।

## প্রকৃতির মার

অত্র মহকুমায় বৃষ্টির অভাবে ধানচাষ কতটা ব্যাহত হইয়াছে, তাহার আলোচনা আমরা ইতঃপূর্বে করিয়াছি। রবিশস্য বপনে যে বিঘ্ন দেখা দিতে পারে' তাহারও উল্লেখ প্রসঙ্গতঃ করিয়াছিলাম। খরা পরিস্থিতি সাবিকভাবে যে ক্ষতিসাধন করিয়াছে, পুনরায় তাহারই আলোচনা প্রবন্ধের উদ্দেশ্য।

সম্প্রতি প্রকাশিত এক সংবাদে জানা গিয়াছে যে, রবিশস্য চাষের জন্য কংসাবতী ও ময়ূরাক্ষী জলাধার হইতে বাঁকুড়া, মেদিনীপুর, বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় ক্যানেলের জল দেওয়া হইবে না। কারণ সংশ্লিষ্ট জলাধারগুলিতে সরবরাহ করিবার মত জল নাই। ইহাতে উক্ত জেলাগুলির প্রায় দুই লক্ষ একর জমিতে রবিশস্য চাষে বিশেষ বাধা আসিবে। বাঁকুড়া ও মেদিনীপুর কংসাবতী বাঁধের জল পায়। বীরভূম ও মুর্শিদাবাদের জমিতে ময়ূরাক্ষী বাঁধ হইতে জল দেওয়া হয়।

জঙ্গিপুর মহকুমায় ক্যানেলের জল পায় এমন জমির পরিমাণ নিতান্ত নগণ্য নহে। উপযুক্ত বৃষ্টির অভাব এবং দেরীতে বর্ষণ হওয়ায় ধানের চাষাবাদ বিশেষরূপে বিঘ্নিত হইয়াছিল। একদিকে বৃষ্টির অভাব, অন্যদিকে শক্তিমানের পুষ্করিণীর মাছ মরিবে বলিয়া বহু জমিতে সেচ অভাবে ধানগাছ এককাঠি হইয়া রহিয়াছে। তাহার ফলন সহজেই অনুমেয়। চাষীদের ভরসা ছিল গম, যব প্রভৃতি রবিশস্য এবং বোরো ধান চাষ করিয়া ধানের ক্ষতি কিছুটা পূরণ করিয়া লইবেন। কিন্তু প্রকৃতি বিমুখ। সারা কার্তিক মাস বৃষ্টি হয় নাই। কবে যে বৃষ্টি হইবে, এখনও তাহার লক্ষণ দেখা যাইতেছে না। অথচ গম, যব চাষের সময় চলিয়া যাইতেছে। চাষীর দিন দিন মুখ শুকাইতেছে।

বর্ষণ অক্ষম আকাশ এবং জলসরবরাহে অপারগ শুষ্ক ক্যানেলখাত—উভয়ই আজ চাষীদের কাছে বিরাট বিভীষিকা। আর ইহাদের নির্মম সাক্ষী হাজার হাজার বিঘা জমি যাহা বীজের ভ্রূণমুকুলবিকাশে উদ্‌গ্রীব অথচ পঙ্গু।

বিদ্যুৎ ব্যবস্থা না থাকায় এই মহকুমার বহুলাংশে গভীর নলকূপ হয় নাই। জেলার যে সকল স্থানে তাহা আছে সেখানে জমিতে ফসল হাসিতেছে। বৃষ্টি নাই, ক্যানেলের জলও নাই। চাষীদের বিশেষ উদ্বেগ—ক্যানেল ট্যাক্স, জমির খাজনা এবং পেটের ভাবনা কি করিয়া মিটিবে। প্রকৃতির এই মার তাঁহারা কি করিয়া মোকাবিলা করিবেন এবং তাহাতে তাঁহারা কতখানি যে বিপন্ন হইয়াছেন, তাহা অনুমান করা কঠিন নয়।

## মনিগ্রামে নতুন সম্ভাবনার দুয়ার খুলে গিয়েছে

( ১ম পৃষ্ঠার পর )

বাহক—এই তিনজনকে সমিতি থেকে এখন বেতন দেওয়া হচ্ছে। গত এক বছরে সমিতির নীট লাভ হয়েছে দু'হাজার টাকা। এই লাভের টাকা থেকে সদস্যদের বোনাস দেওয়া হবে। বোনাস দেওয়ার পর যে টাকা বাঁচবে তা সাধারণ এবং উন্নয়ন তহবিলে জমা পড়বে। এখানকার সমিতিটি পরিচালনার দায়িত্ব নিয়েছেন মনিগ্রাম কিশোর সংঘ। মিরজাপুর নবভারত স্পোরটিং ক্লাবের পরিচালনায় মিরজাপুর দুগ্ধ উৎপাদক সমবায় সমিতির সভ্য সংখ্যা ৩০, দৈনিক দুধ আমদানী ৩৫ লিটার। এখানকার সম্পাদক এবং বাহক বেতনভোগী। নিম্নমানের দুধ সরবরাহের জন্য গত এক বছরে কোন লাভ হয়নি বলে কর্মকর্তাদের একজন জানান।

আমাদের প্রতিনিধি আরো জানাচ্ছেন, আনন্দের 'আমূল' এর মত বহরমপুরে দুগ্ধজাত পুষ্টিকর শিশুখাদ্য 'ভামূল' উৎপাদনের জন্য সমবায় ভিত্তিতে ভাগীরথী দুগ্ধ উৎপাদক প্রকল্পের পত্তন হয়েছে। ডেয়ারী ফারম্‌কে বাঁচানোও এর আর এক উদ্দেশ্য। এ সবের জন্য আই ডি সি বা ইণ্ডিয়ান ডেয়ারী করপোরেশন থেকে ৫ কোটী টাকার আর্থিক মঞ্জুরি দেওয়া হয়েছে। সমবায় সমিতিগুলি থেকে ব্যাপকভাবে দুধ সংগ্রহের ফলে বেলডাঙ্গা চিলিং প্ল্যান্টের দৈনিক আমদানী ২ হাজার লিটার থেকে বেড়ে ১০ হাজার লিটারে দাঁড়িয়েছে।

## কেন এই শৈথিল্য

জঙ্গিপুর, ২৩ নভেম্বর—জঙ্গিপুর—বহরমপুর ভায়া লালগোলা রুটে প্রায়ই বাস থাকে না। বিশেষ করে স্কুল-কলেজ-অফিস চলাকালীন বাস না চললে যাত্রী ও ছাত্রছাত্রীদের চরম অসুবিধায় পড়তে হয়। কখনও কখনও পর পর দুটি বাসকে একই সঙ্গে রুট থেকে অদৃশ্য হতে দেখা যায়। তাই বাসের নিয়মিত খবর কেউ দিতে পারেন না। আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ নিয়মিত বাস চলাচলে বাধ্যতামূলক কোন ব্যবস্থা গ্রহণে উদ্যোগী না হলে সামনে পরীক্ষা আসছে, বাসের শৈথিল্যে পরীক্ষায় বিঘ্ন ঘটতে পারে বলে ছাত্রছাত্রীরা আশঙ্কা করছে।

## বিদ্যালয়ের শ্রেণীকক্ষে ষ্টেট ব্যাঙ্ক

রঘুনাথগঞ্জ, ২১ নভেম্বর—উপরোক্ত শিরোনামায় ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জঙ্গিপুর শাখায় একটি সঞ্চয় প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পে ছাত্রছাত্রীরা ন্যূনতম দু'টাকা জমা দিয়ে পাসবই খুলতে পারে। পাসবইতে ৫০ পয়সার কম এবং এক হাজার টাকার বেশী জমা দেওয়া চলবে না। ছাত্রছাত্রীরা মাসে একবার অথবা বিদ্যালয়ের বেতন দেওয়ার সময় টাকা জমা দিতে পারে। ব্যাঙ্ক কর্তৃপক্ষ মাসে একবার গিয়ে বিদ্যালয় থেকে নির্দিষ্ট দিনে সেই টাকা নিয়ে আসবেন। এই প্রকল্পটি প্রথম চালু করা হয় সাগরদীঘি ব্লকের বন্যেশ্বর বিদ্যালয়ে। সেখানে ৮৬ জন ছাত্রছাত্রী পাসবই খোলে। গত রবিবার শিশু দিবস উপলক্ষে আনুষ্ঠানিকভাবে ১৬টি পাসবই খোলা হয় রঘুনাথগঞ্জ শহরের উপকণ্ঠে শ্রীকান্তবাটী হাই স্কুলে। পাসবইগুলি বিতরণ করেন জঙ্গিপুরের সেকেণ্ড অফিসার শান্তিগোপাল দত্ত। চাচা নেহেরুর ৮৮তম জন্মদিবস উপলক্ষে পাসবইয়ের সংখ্যা ১৬ থেকে বাড়িয়ে ৮৮ করা হবে বলে ব্যাঙ্ক এবং বিদ্যালয়ের তরফ থেকে জানানো হয়।

## নজরুল-সুকান্ত স্মরণে

অরঙ্গাবাদ, ২১ নভেম্বর—আজ এখানে নজরুল-সুকান্ত স্মরণ কমটির উদ্যোগে একটি স্মরণসভার আয়োজন করা হয়। এই সভায় সভাপতিত্ব করেন ও বক্তব্য রাখেন জিয়াগঞ্জ শ্রীপৎ সিং মহাবিদ্যালয়ের অধ্যাপক প্রশান্তকুমার রায়। সভায় সঙ্গীত, আবৃত্তি ইত্যাদিও পরিবেশন করা হয়।

## শিশু দিবস উদ্‌যাপিত

নিজস্ব সংবাদদাতাঃ গত ১৪ নভেম্বর চাচা নেহেরুর জন্মদিনটি শিশু দিবসরূপে মহকুমায় বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্যে দিয়ে পালিত হয়। এই উপলক্ষে মঙ্গলজন গ্রামীণ পাঠাগার আয়োজিত এক অনুষ্ঠানে প্রভাতফেরী, নেহেরুর প্রতিকৃতিতে মাল্যদান, চিত্রাঙ্কন এবং ভলিবল প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়। ২১ জন শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশ নেয়। তাদের মধ্যে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পুরস্কার লাভ করে দেবাশিস্ সিংহ, লিলিয়ারা খাতুন ও আবদুল সামাদ। মিরজাপুর শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাবে সকালে আনুষ্ঠানিকভাবে নেহেরুর প্রতিকৃতিতে মাল্যদান করা হয়। বিকেলে শিশুদের বিভিন্ন বিভাগে মুক্তাঙ্গনে ৪র্থ বর্ষ 'যা খুসি আঁকো' ও 'যা খুসি তৈরী কর' প্রতিযোগিতায় ১৩৮ জন প্রতিযোগী অংশ গ্রহণ করে।

**আমাদের নিবেদনঃ** অনিবার্য কারণে আগামী সংখ্যায় জঙ্গিপুর সংবাদের প্রকাশনা বন্ধ থাকবে। —প্রকাশক

## সমবায় সপ্তাহ উদ্‌যাপন

নিজস্ব সংবাদদাতাঃ সারা দেশের সঙ্গে একযোগে মুর্শিদাবাদ জেলাতেও ১৪ নভেম্বর থেকে ২০ নভেম্বর পর্যন্ত বিভিন্ন জায়গায় নিখিল ভারত সমবায় দিবস, কৃষি, ক্রেতা ও শিল্প সমবায় দিবস, যুব ও মহিলা দিবস, দুর্বল শ্রেণী দিবস ও সদস্য কল্যাণ দিবস সপ্তাহব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয়। এই উপলক্ষে গত ১৯ নভেম্বর রঘুনাথগঞ্জ থানার কালীতলা জুনিয়র হাই স্কুলে, সাগরদীঘি থানার সাহাপুরে এবং সুতীর বংশবাটীতে দুর্বল শ্রেণী দিবস পালিত হয় এবং ২০ নভেম্বর রঘুনাথগঞ্জ থানার লবণচোয়ায় গৌড় গ্রামীণ ব্যাঙ্কের জঙ্গিপুর শাখা ও ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থার আর্থিক সহযোগিতায় একটি গুচ্ছ সেচ প্রকল্পের উদ্বোধনী সভার আয়োজন করা হয় বলে খবর পাওয়া যায়। একই উপলক্ষে ২১ নভেম্বর সুতী ২নং ব্লকের উদ্যোগে আনুষ্ঠানিকভাবে প্রান্তিক ও ভূমিহীন চাষীদের স্প্রে মেসিন ও দুগ্ধবতী গাভী বিতরণ করেন গৌড় গ্রামীণ ব্যাঙ্কের অরঙ্গাবাদ শাখা। এখানে সভাপতিত্ব করেন জঙ্গিপুরের মহকুমা শাসক মীরা সেনগুপ্ত, প্রধান অতিথি গ্রহণ করেন ডি এন কলেজের অধ্যক্ষ শ্রীকুমার আচার্য।

## বন্দুকের লাইসেন্স রিনিউ কোথায় কবে

বিশেষ প্রতিনিধি, ২৩ নভেম্বর—১৯৭৭ সালের জন্য বন্দুক ইত্যাদির লাইসেন্স রিনিউ-এর স্থান-কাল ঠিক হয়ে গিয়েছে। গত ১৯ নভেম্বর জঙ্গিপুর মহকুমা শাসক মীরা সেনগুপ্ত দিন-ক্ষণ জানিয়ে মহকুমার পাঁচটি থানায় এবং সাতটি ব্লকের উন্নয়ন সংস্থাধিকারিকদের মাধ্যমে অঞ্চল পঞ্চায়েত অফিসগুলিতে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন এবং ব্যাপক প্রচারের জন্য চিঠি ছেড়ে দিয়েছেন। থানা-ওয়ারি বন্দুকের লাইসেন্স রিনিউ হবে: সুতী—৬ ডিসেম্বর, ফরাক্কা—১০ ডিসেম্বর, সামসেরগঞ্জ—১৬ ডিসেম্বর, সাগরদীঘি—১৮ ডিসেম্বর। কেবলমাত্র মহকুমা শাসকের অফিসে রিনিউ হবে রঘুনাথগঞ্জ থানার জঙ্গিপুরের দিক ২০ ডিসেম্বর এবং রঘুনাথগঞ্জের দিক ২৪ ডিসেম্বর।

### বাগড়ীর টানে রাঢ়ের টান

( ৪র্থ পৃষ্ঠার পর )

পুলিশ ফরাক্কা থেকে একই রুটের অন্য একটি বাস থেকে আরো ১৩·১৫ কুইন্টাল চাল আটক করেছে। এই চালের কোন দাবিদার ছিল না।

সাগরদীঘি পুলিশ গত ১৭ নভেম্বর জাতীয় সড়কের সেখদীঘিতে ৫১·৩৫ কুইন্টাল চালসমেত ডব্লু জি আর ৬৪৭ নম্বরের একটি ট্রাক আটক করেছে। ট্রাকের ড্রাইভার ও ক্লীনারকে গ্রেপ্তার করা হয়েছে।

Wanted part-time teachers for Physics, Chemistry and Biology with either M. Sc. II class with Hons. or M. Sc. II/Hons. II with 8 yrs. teaching experience in High School or College for Jangipur H. S. Institute. Apply to the Administrator by the 1st Dec., '76

এখন দুর্গাপুর সিমেণ্ট
২১·৫০ পঃ মূল্যে
পাওয়া যাচ্ছে
মাঙ্গিলাল মুন্দ্রা (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন—২১
সৌজন্যে: মুন্দ্রা বস্ত্রালয়
জঙ্গিপুর ফোন—৩৯

## খেলার খবর

রঘুনাথগঞ্জ, ২১ নভেম্বর—গতকাল স্থানীয় ম্যাকেনজি ময়দানে ইনটার স্কুল পর্যায়ের জেলা চামপিয়ান শীপের ফাইনাল খেলাটি নির্বিঘ্নে সম্পন্ন হয়। এই খেলায় জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসা গোরাবাজার আই সি আইকে ১—০ গোলে পরাজিত করে শীল্ড লাভ করে। আই সি আই-এর দুর্বল প্রতিদ্বন্দ্বিতা মাঠের দর্শকদের হতাশ করে।

মিরজাপুর থেকে আমাদের সংবাদদাতার খবর: ওয়েষ্ট বেঙ্গল রুরাল এ্যাথলেটিক্স টিম সিলেকসনে মুর্শিদাবাদ জেলার হয়ে প্রতিনিধিত্ব করে মিরজাপুর নবভারত স্পোরটিং ক্লাবের মাধবী কৈলঠা, শিখা কৈলঠা, অণিমা সেন, শঙ্কর ঘোষ, ভোলানাথ সরকার ও শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাবের সুষমা শোশা। এ ছাড়াও ওপেন বেঙ্গল উইমেনস্ ইয়ার-এ নবভারত স্পোরটিং ক্লাবের ঝর্ণা দাস ডিসকাস-এ ২য় ও সটপাট-এ ৩য় স্থান অধিকার করে মুর্শিদাবাদ জেলার সম্মান অক্ষুণ্ণ রাখে।

## ট্রাকের সবই ভুয়া

ধুলিয়ান, ২২ নভেম্বর—গত সপ্তাহে সামসেরগঞ্জ পুলিশ জাতীয় সড়কে একটি খালি ট্রাক আটক করে, তল্লাসী চালিয়ে যার ভেতর থেকে তিনটি নাম্বার প্লেট, একটি ব্ল্যাঙ্ক রুট পারমিট, একটি ব্ল্যাঙ্ক চালান এবং বিহার ও আসামের আর টি এ সেক্রেটারীদের বেশ কিছু রাবার ষ্ট্যাম্প উদ্ধার ও আটক করে। বলা বাহুল্য সেগুলি সবই জাল। ধরা পড়ার সময় ট্রাকটি ফরাক্কার দিক থেকে আসছিল। পুলিশ ট্রাকের ওনার-কাম-ড্রাইভারকে গ্রেপ্তার করেছে।

### দেয়াল চাপা পড়ে মৃত্যু

রঘুনাথগঞ্জ, ২১ নভেম্বর—গত রবিবার রাত্রে মিঞাপুরের হারান হালদারের ৪০ বছর বয়সের স্ত্রী বাড়ীর দেওয়াল চাপা পড়ে আহত হয়। আশংকাজনক অবস্থায় জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তির পর তার মৃত্যু ঘটে।

### ধর্মীয় অনুষ্ঠান

অন্যান্য বছরের মত এবারও সাগরদীঘি থানার বালিয়া গ্রামে মহাযোগেশ্বর শ্রীমদ্ স্বামী রামানন্দ সরস্বতী মহারাজের যোগাশ্রমে এক ধর্মীয় অনুষ্ঠানের মাধ্যমে মহারাজ এবং শ্রীশ্রীরাজলক্ষ্মী-দেবীর আবির্ভাব দিবস পালিত হয়।

# NOTICE.

As required u/s 57 of the Motor vehicles Act 1939, it is notified for the information of all concerned that the following number of valid applications as mentioned against the route, have been received in the office of the undersigned for grant of permanent stage carriage permits to be provided against the routes.

| Sl. No. | Name of the route. | Total number of valid application. |
|---|---|---|
| 1. | Rampurhat to Berhampore via Nalhati & Moregram (Express) (One permit with one round trip) | 34 (Thirty fore) |
| 2. | Murarai to Farakka (Express) (one permit with one round trip) | 11 (Eleven) |
| 3. | Rampurhat to Berhampore via Chandpara Jhillikhaspur, Puradangaghat & Alinagar (One permit with one round trip) | 10 (Ten) |

A list showing names and addresses of the applications will be kept displayed on the notice board of the office of the R. T. A., Murshidabad for inspection from 13. 11. 76.

Representation/objection, if any in this connection will be received by the undersigned upto 2-30 P. M. of 13. 12. 76.

The date and time of the meeting of the R. T. A. Murshidabad to be held to consider the applications as well as the representation/objection if any will communicated to all concerned in due course.

Sd/- A. K. Bala,
Secretary. R. T. A. Murshidabad.

(Issued by the District Information and Public Relations officer, Murshidabad.

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—সদরঘাট
ব্রাঞ্চ—ফুলতলা
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী
পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)
সেলস্ অফিস: গৌহাটি ও তেজপুর
ফোন: ধুলিয়ান—২১

## জোড়া খুন

( ১ম পাতার পর )

লোক এই থানারই লক্ষ্মীপুর ও হরিপুরে সম্প্রতি খুন হয়। তারই বদলা হিসেবে অপর পক্ষের দু'জন এবার লোকাইপুরে একই সঙ্গে খুন হল।

**গণ প্রহারে খুন ঃ** সাগরদীঘি, ২৩ নভেম্বর—রবকুল সেখ নামে একজন লোক গতকাল রাত্রে সাগরদীঘি থানার বিপ্রকালী মৌজায় মাঠের ধান চুরি করছিল। দু'জন জাগালদার সেই সময় তাকে ধরে ফেলে এবং চেঁচামেচি শুরু করে। তাদের চিৎকারে গ্রামের লোক জু'টে যায় এবং পাইকারী হারে গণ প্রহারে রবকুলের ভবলীলা সাঙ্গ করে। পুলিশ জাগালদার দু'জনকে গ্রেপ্তার করেছে।

## ফুলতলায় রেষ্ট শেড

( ১ম পাতার পর )

অবরোধমুক্তির পর ফুলতলায় রাস্তা সম্প্রসারণ। সেই কাজ গত সপ্তাহে শেষ হয়েছে। শেষ হয়েছে জঙ্গিপুর মহকুমা শাসকের অফিস চত্বরের ভগ্নপ্রায় রাস্তাটির আংশিক মেরামতির কাজ। ফুলতলার মত রেষ্ট শেড নির্মাণের প্রয়োজনীয়তা রয়েছে নিউ ফরাক্কায়, ধুলিয়ানের ডাকবাংলো মোড়ে, অরঙ্গাবাদের সাজুর মোড়ে, রঘুনাথগঞ্জের উমরপুর মোড়ে, সাগর-দীঘি মোরগ্রামের বেলথরিয়া মোড়ে এবং এস এম জি আর রোডে সাগরদীঘি হাসপাতাল মোড়ে। এ ছাড়াও জঙ্গিপুর পুরসভা এলাকাধীন কয়েকটি রাস্তায় খানা-খন্দ সৃষ্টি হয়ে ক্রমশঃই চলাচলের অযোগ্য হয়ে পড়ছে। এই রাস্তাগুলির মেরামতির জন্য পুরসভাকে এখন থেকেই সতর্ক হওয়া প্রয়োজন। এবং সাম্প্রতিক বিধ্বংসী বন্যায় ক্ষতিগ্রস্ত পুরসভার ১০নং ওয়ারডের রাস্তাটির ভেঙে যাওয়া অংশগুলির অবিলম্বে মেরামতি প্রয়োজন।

## বাগড়ীর টানে রাঢ়ের টান

( ১ম পাতার পর )

আরো কম বিক্রী করা চলবে। (২) প্রতিদিন বেলা ১১টা পর্যন্ত আমদানির চাল চাহিদামত বাজারে খুচরো ও পাইকারী দরে বিক্রী করতে হবে তার পরে দৈনিক অনূর্ধ্ব তিন লরি চাল বাইরে যেতে পারবে। (৩) ২·২০ টাকার বেশী দর উঠলে বাইরে চাল যাবে না।

**ফরাক্কা ও সাগরদীঘিতে চাল আটক ঃ** পুলিশ গত সপ্তাহে ফরাক্কায় বহরমপুরগামী ফরাক্কা—বহরমপুর রুটের একটি বাস থেকে ২৭·৪০ কুইন্টাল বে-আইনী চাল আটক করেছে। বাসের চালক ও কনডাকটরকে গ্রেপ্তার এবং বাসটিকে আটক করা হয়েছে।

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## NOTICE.

As required u/s 47 of the Motor vehicles Act, 1939, it is notified for information of all concerned that the Registered owner of bus no. W. G. G.—593 has applied for grant of a temporary permit for the route Berhampore to Rampurhat Via Nabagram & Panchgram for a period of 16 (Sixteen) weeks with effect from 14. 12. 76.

Objection/representation, if any in connection with the above route will be received at the office of the undersigned up to 12-00 noon of 11. 12. 76 and heard on 13. 12. 76 at 3-30 P. M.

Sd./ A. K. Bala,
16. 10. 76.
Secretary, R. T. A., Murshidabad.

(Issued by the District Information and Public Relations Officer, Msd.)

আর কয়লা ব্যবহারের প্রয়োজন নেই

**ধোঁয়াহীন জ্বালানী আজই ব্যবহার করুন**

- এতে ধোঁয়া একেবারেই হয় না।
- আঁচও বেশ জোরালো এবং বহুক্ষণ স্থায়ী হয়।
- কয়লা ভাঙ্গার কোন ঝামেলাই থাকে না।
- ★ রান্নার সরঞ্জামে কালো দাগ লাগার কোন প্রশ্নই উঠে না।
- হ্যাঁ, ঘরও বেশ পরিচ্ছন্ন থাকে।
- এর ব্যবহার ঠিক কয়লার মতই সহজ।
- ★ রান্নার পর জ্বলন্ত অবস্থায় এগুলোকে চিমটে দিয়ে তুলে ঠাণ্ডা করে রাখলে পরদিন আবার ব্যবহার করতে পারা যায়।

প্রস্তুতকারক—মডার্ণ ব্রিকেট্ ইনডাস্ট্রিজ
মিঞাপুর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

জবাকুসুম

তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও ভারী ভাল হয়।

সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।